

কথাছিল

কথা ছিল বিলের ধারে

দুজনে বসা হবে

কথা ছিল আমাদের পৃথিবী, জীবন্ত পৃথিবী

সমাধি করে কথা যাবে অন্যপারে।

যদি কথার মাঝখানে আকাশ এসে ঢুকে পড়ে

তাহলে ক্ষতি নেই, মন ভেঙে একটু জায়গা তৈরি হবে।

যেখানে লাল মাথা শরীর পাবে না পাখার বাতাস।

আমার তোমার কথায় ভরবে না মন আকাশ।

শেষ রাতে কিছু জোনাকি জলেতে নামবে।

মৌসুমী রায়